যুগান্তর

তারিখ ... 5 JUL 2017 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# আদালত অবমাননায় শিক্ষা সচিবের বিরুদ্ধে রুল

যুগান্তর রিপোর্ট

বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন নির্ধারণ করে পরিপত্র জারি না করায় শিক্ষা সচিবের বিরুদ্ধে আদালত অবমাননার রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে শিক্ষা সচিব (মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ) মো. সোহরাব হোসাইনকে রুলের জবাব দিতে বলা হয়েছে। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মো. হুমায়ন কবির। মঙ্গলবার বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি আশিষ রঞ্জন দাসের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ এ রুল জারি করেন।

আইনজীবী হুমায়ন কবির যুগান্তরকে জানান, গাইবান্ধার সুন্দরগঞ্জ উপজেলার উজান তেওড়া টিইউএম হাইস্কুলের প্রধান শিক্ষক মো. নুরুন্নবী সরকার হাইকোর্টে রিট আবেদন করেন। রিটে বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন করার নির্দেশনা চাওয়া হয়। ওই রিটের শুনানি নিয়ে ২০১৫ সালের ১০ নভেম্বর হাইকোর্টের একটি বেঞ্চ শিক্ষকদের সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ দিন নির্ধারণ করে পরিপত্র জারি করতে নির্দেশ দেন। ৩০ দিনের মধ্যে এ পরিপত্র জারি করতে বলা হয়। তবে নির্ধারিত সময়ে আদালতের আদেশ বাস্তবায়ন না করার বিষয় জানিয়ে চলতি বছরের ২০ ফেব্রুয়ারি আইনজীবীর মাধ্যমে শিক্ষাসচিব বরাবর আবেদন করা হয়।